

## 💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ প্রার্থনামূলক কুরআনী দুআ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৫। পরিজনের চরিত্র সুন্দর এবং মুসলিম হওয়া চাইতেঃ

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُن وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا

"রাব্বানা হাবলানা মিন আযওয়া-জিনা অযুররিয়্যা-তিনা কূররাতা আ'য়ুগন, অজআলনা লিলমুত্তাকীনা ইমামা।" অর্থঃ হে আমাদের প্রতিপালক! আমাদের স্ত্রী ও সন্তান-সন্ততিদেরকে আমাদের জন্য নয়নপ্রীতিকর কর এবং আমাদেরকে সাবধানীদের জন্য আদর্শস্বরূপ কর। (ফুরক্কানঃ ৭৪)।

رَبِّ أَوْزِعْنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَىٰ وَالِدَيَّ وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ وَأَصْلِحْ لِي فِي ذُرِيَّتِي ۗ الْ إِنِّي تُبْتُ إِلَيْكَ وَإِنِّي مِنَ الْمُسْلِمِينَ

"রাব্বি আউযি'নী আন আশকুরা নি'মাতাকাল্লাতী আনআমতা আলাইয়া অআলা ওয়া-লিদাইয়া়া অআন আ'মালা স্বা-লিহান তার্যা, হু, অআস্থলিহ লী ফী যুর্রিয়া়াতী ইন্নী তুবতু ইলাইকা অইন্নী মিনাল মুসলিমীন।"

অর্থঃ হে আমার প্রতিপালক! তুমি আমাকে সামর্থ্য দাও, যাতে আমি তোমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি, আমার প্রতি আমার পিতা-মাতার প্রতি তুমি যে অনুগ্রহ করেছ, তার জন্য এবং যাতে আমি সৎকার্য করতে পারি, যা তুমি পছন্দ কর; আমার জন্য আমার সন্তান-সন্ততিদেরকে সৎকর্মপরায়ণ কর। নিশ্চয় আমি তোমারই অভিমুখী হলাম এবং নিশ্চয় আমি আত্মসমর্পণকারী (মুসলিম)দের অন্তর্ভুক্ত। (আহক্কাফঃ ১৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11816

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন